

তারিখ: ১৯.০২.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলায় এলাকার প্রভাবশালী ব্যক্তিদের কর্তৃক বেআইনী সালিশের মাধ্যমে গৃহবধু ধর্ষণের বিচারে ধর্ষকের থেকে বিষ হাজার টাকা জরিমানা ধার্য করার ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণসহ নির্যাতনের শিকার গৃহবধু ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ১৯.০২.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলার গৈলা ইউনিয়নের তালতারমাঠ গ্রামে এলাকার প্রভাবশালী ব্যক্তিদের কর্তৃক বেআইনী সালিশের মাধ্যমে গৃহবধু ধর্ষণের বিচারে ধর্ষকের থেকে বিষ হাজার টাকা জরিমানা ধার্য করার ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার গৃহবধুর স্বামী গরীব ভ্যান চালক। গত ১৫.০২.১৬ তারিখ নির্যাতনের শিকার গৃহবধুর একা বাড়িতে থাকার সুযোগে প্রতিবেশি বিনোদ ভক্তের ছেলে হরিপদ ভক্ত ঘরে ঢুকে গৃহবধুকে বলপূর্বক ধর্ষণ করে। পরবর্তীতে এলাকার বাবুল ফকিরসহ প্রভাবশালী ব্যক্তিদের উপস্থিতিতে বেআইনী সালিশে ধর্ষণের বিচারে ধর্ষকের থেকে বিষ হাজার টাকা জরিমানা ধার্য করা হয়।

বাংলাদেশ মহিলা পরিষদ প্রভাবশালী ব্যক্তিদের কর্তৃক বেআইনী সালিশের মাধ্যমে গৃহবধু ধর্ষণের বিচারে ধর্ষকের থেকে বিষ হাজার টাকা জরিমানা ধার্য করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার গৃহবধু ও তার পরিবারের সদস্যদের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। বেআইনী ফতোয়ার মাধ্যমে বিচার বহির্ভূত শাস্তি বন্ধে মহামান্য সুপ্রীমকোর্টের রায়ের বাস্তবায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবী জানাচ্ছে। সেইসাথে দেশব্যাপী বেআইনী ফতোয়ার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহবান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ